

# খুবির একাডেমিক প্রধানদের মতবিনিময়

খুলনা প্রতিনিধি

০৪ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) সব স্কুলের ডিন ও ডিসিপ্লিন প্রধানদের সঙ্গে মতবিনিময় করেছেন প্রশাসনিক এবং আর্থিক কার্যক্রম পরিচালনার দায়িত্বপ্রাপ্ত জ্যেষ্ঠ অধ্যাপক, নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের প্রফেসর ড. মো. রেজাউল করিম। গতকাল মঙ্গলবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ তাজউদ্দীন আহমদ প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় একাডেমিক ক্যালেন্ডার পুনর্বিন্যাস এবং ছাত্র-শিক্ষক সম্পর্ক উন্নত করাসহ একাডেমিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

সভায় উদ্ভূত সমস্যা জরুরিভাবে সমাধানের মাধ্যমে খুলনা বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করে প্রফেসর ড. মো. রেজাউল করিম বলেন, আজ এই দায়িত্ব পেয়েছি, এটা আমরা জন্য বড় পাওয়া। এ জন্য সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা অতীতের ন্যায় যথাযথভাবে সহযোগিতা করলে এই দায়িত্ব পালন সহজ হবে।

আমাদের মনে রাখতে হবে, নতুন প্রজন্ম তথা শিক্ষার্থীদের একটা বিপ্লবের মাধ্যমে আমরা নতুন বাংলাদেশ পেয়েছি। এই বাংলাদেশ গঠনে যার যার অবজ্ঞান থেকে কাজ করে যেতে হবে। শিক্ষার্থীদের ক্লাসে ফেরাতে হবে এবং পরীক্ষাগুলো নিয়মিত নিয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত সমস্যা জরুরিভাবে সমাধান করা হবে।